গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

আইসিটি শাখা

www.ird.gov.bd

| | |
|---|---|
| সভাপতি | যুগ্মসচিব (শুল্ক) ও আহবায়ক, জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা-২০১৮ বাস্তবায়ন কমিটি, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ |
| সভার তারিখ | ১৪ ডিসেম্বর, ২০২১ খ্রি. |
| সভার সময় | বেলা ১১.০০ ঘটিকা |
| স্থান | অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সম্মেলন কক্ষ। |
| উপস্থিতি | সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা (পরিশিষ্ট-১)। |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতি কার্যপত্র অনুযায়ী সভার আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের জন্যে জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা-২০১৮ বাস্তবায়ন কমিটির সদস্য সচিব জনাব সামি কবির, প্রোগ্রামার কে অনুরোধ করেন।

২.০। সভাপতির অনুমতিক্রমে জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা-২০১৮ বাস্তবায়ন কমিটির সদস্য সচিব আলোচ্য বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন।

৩.০। আলোচ্য বিষয়-১: জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা ২০১৮-এর কর্ম-পরিকল্পনার করণীয় বিষয়সমূহের আলোকে মধ্যমেয়াদি ও দীর্ঘমেয়াদি পরিকল্পনা গ্রহণ ও সুষ্ঠুভাবে বাস্তবায়ন।

৩.১। সদস্য সচিব এই নীতিমালার কর্মপরিকল্পনা এবং এ বিভাগ সংশ্লিষ্ট করণীয় বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। উপস্থাপিত বিষয়সমূহের উপর বিস্তারিত আলোচনায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| কর্ম-পরিকল্পনা ক্রমিক নং | করণীয় বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১.১.২ | ডিজিটাল পদ্ধতিতে সকল সেবা গ্রহণে নাগরিকদের সক্ষমতা উন্নয়ন ও অবহিতকরণে ব্যবস্থা গ্রহণ। | সরকারি কাজে স্বচ্ছতা, জবাবদিহিতা ও সেবার মান উন্নয়নে নাগরিকদের ডিজিটাল পদ্ধতিতে সেবা প্রদানের জন্য নাগরিকদের ডিজিটাল সেবা ব্যবহারের উপর সক্ষমতা উন্নয়ন ও ডিজিটাল সেবা সম্পর্কে অবহিতকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের ব্যাপারে আলোচনা করা হয়। | জাতীয় রাজস্ব বোর্ড ও জাতীয় সঞ্চয় অধিদপ্তর এর বিভিন্ন ডিজিটাল নাগরিক সেবা চলমান থাকায় উক্ত সেবা গ্রহণের লক্ষ্যে নাগরিকদের ডিজিটাল সেবার উপর সক্ষমতা উন্নয়ন ও অবহিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হবে। | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১.১.৯ | ডিজিটাল সার্ভিসসমূহে Data Analytics ও AI (Artificial Intelligence) সংযোজনের মাধ্যমে স্মার্ট এবং পার্সোনালাইজড জনসেবা নিশ্চিতকরণ। | এ বিভাগের ডিজিটাল সার্ভিস Store Management System এর মাধ্যমে স্টেশনারী/পণ্যদ্রব্যের Budget পরিকল্পনা খসড়া প্রস্তুত করার জন্য Store Management System Software এ Data Analytics ও AI (Artificial Intelligence) সংযোজন করে পরবর্তী প্রতি অর্থ-বছরের জন্য স্টেশনারী/পণ্যদ্রব্যের Budget পরিকল্পনা খসড়া প্রস্তুত করা যেতে পারে মর্মে আলোচনা করা হয়। | এ বিভাগের Store Management System Software এ Data Analytics ও AI (Artificial Intelligence) সংযোজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ বিভাগের প্রশাসন অনুবিভাগকে অনুরোধ করা হবে। | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ। |
| ১.১.১০ | বড় সফটওয়্যার এবং আইটিইএস ক্রয়ের ক্ষেত্রে বিদ্যমান আইন ও বিধিমালা (PPA ও PPR) অনুসরণপূর্বক ক্রয়কারী কর্তৃপক্ষ প্রযোজ্য ক্ষেত্রে ডিজাইন ও সুপারভিশন (PMC) এবং বাস্তবায়ন- এ দুটি পৃথক চুক্তির মাধ্যমে সম্পাদন। | বড় সফটওয়্যার এবং আইটিইএস ক্রয়ের ক্ষেত্রে বিদ্যমান আইন ও বিধিমালা (PPA ও PPR) অনুসরণপূর্বক প্রযোজ্য ক্ষেত্রে ডিজাইন ও সুপারভিশন (PMC) এবং বাস্তবায়ন-এ দুটি পৃথক চুক্তির মাধ্যমে ক্রয়ের ব্যাবস্থা গ্রহণের ব্যাপারে আলোচনা করা হয়। | আওতাধীন সকল দপ্তর/সংস্থকে বিদ্যমান আইন ও বিধিমালা (PPA ও PPR) অনুসরণপূর্বক বড় সফটওয়্যার এবং আইটিইএস ক্রয়ের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হবে। | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ। |
| ১.১.১১ | বড় সফটওয়্যার এবং আইটিইএস প্রকল্পের ক্ষেত্রে বিদ্যমান আইন অনুসরণপূর্বক প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ BOO/BOT/ফ্যাসিলিটিজ ম্যানেজমেন্ট পদ্ধতির মাধ্যমে বাস্তবায়ন। | বড় সফটওয়্যার এবং আইটিইএস প্রকল্পের ক্ষেত্রে বিদ্যমান আইন অনুসরণপূর্বক প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ BOO/BOT/ফ্যাসিলিটিজ ম্যানেজমেন্ট পদ্ধতির মাধ্যমে ক্রয়ের সুবিধা সম্পর্কে আলোচনা করা হয়। | আওতাধীন সকল দপ্তর/সংস্থাকে বড় সফটওয়্যার এবং আইটিইএস প্রকল্পের ক্ষেত্রে বিদ্যমান আইন অনুসরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হবে। | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ। |
| ১.১.১২ | BOO/BOT/ফ্যাসিলিটিজ ম্যানেজমেন্ট পদ্ধতির মাধ্যমে বাস্তবায়নের জন্য রাজস্ব/ফি শেয়ারের জন্য নির্দেশিকা প্রস্তুতকরণ। | BOO/BOT/ফ্যাসিলিটিজ ম্যানেজমেন্ট পদ্ধতির মাধ্যমে বাস্তবায়নের জন্য রাজস্ব/ফি শেয়ারের জন্য প্রয়োজনীয় নির্দেশিকা প্রস্তুতকরণ সম্পর্কে আলোচনা করা হয়। | নির্দেশিকা প্রস্তুত করার জন্য জাতীয় রাজস্ব বোর্ডকে অনুরোধ করা হবে। | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১.৩.৪ | স্বল্লোন্নত এলাকা এবং প্রান্তিক জনগোষ্ঠীর জন্য সাশ্রয়ী ব্যান্ড উইডথ (Bandwidth) এর মাধ্যমে প্রাসঙ্গিক বিষয়াদি, পণ্যমূল্য বিষয়ক তথ্যাদি প্রদানের ব্যবস্থাকরণ। | স্বল্লোন্নত এলাকা এবং প্রান্তিক জনগোষ্ঠীর জন্য সাশ্রয়ী ব্যান্ড উইডথ (Bandwidth) এর মাধ্যমে প্রাসঙ্গিক বিষয়াদি পণ্যমূল্য বিষয়ক তথ্যাদি প্রদানের ব্যবস্থাকরণে জাতীয় রাজস্ব বোর্ড কোন কার্যক্রম গ্রহণ করেছে কিনা বা না করে থাকলে তাদের এ বিষয়ে কোন কর্ম-পরিকল্পনা আছে কিনা তা অবগত হওয়া সম্পর্কে আলোচনা করা হয়। | Bandwidth সাশ্রয়ী করার জন্য জাতীয় রাজস্ব বোর্ডকে অনুরোধ করা হবে। | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ। |
| ১.৫.৭ | প্রত্যেক নাগরিকের একক আইডি প্রণয়ন ও সহজে সংশোধন নিশ্চিতকরণ এবং আন্তঃমন্ত্রণালয় সমন্বয় সাধন। | প্রত্যেক নাগরিকের একক আইডি প্রণয়ন ও সহজে সংশোধন নিশ্চিতকরণ এবং আন্তঃমন্ত্রণালয় সমন্বয় সাধনের বিষয়ে সুনির্দিষ্ট কোন প্রস্তাব পাওয়া গেলে তা বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করা বিষয়ক আলোচনা করা হয়। | সুনির্দিষ্ট কোন প্রস্তাব পাওয়া গেলে তা বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ। |
| ১.৫.৮ | একক আইডি ব্যবহার করে ডিজিটাল সেবা প্রদান ও সামাজিক নিরাপত্তা নিশ্চিতকরণ। | একক আইডি ব্যবহার করে ডিজিটাল সেবা প্রদান ও সামাজিক নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে আওতাধীন সকল দপ্তর/ সংস্থার কাছ হতে অবগত হওয়া সম্পর্কে আলোচনা করা হয়। | জাতীয় রাজস্ব বোর্ড ও জাতীয় সঞ্চয় অধিদপ্তর কে একক আইডি ব্যবহার করে ডিজিটাল সেবা প্রদান ও সামাজিক নিরাপত্তা নিশ্চিতকরণের তথ্য সম্পর্কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হবে। | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ। |
| ২.৫.১ | ডিজিটাল অপরাধ মোকাবেলায় দক্ষ জনবল সৃষ্টিকরণ। | এ বিভাগসহ আওতাধীন সকল দপ্তর/সংস্থায় প্রয়োজনীয় প্রশিক্ষণের মাধ্যমে ডিজিটাল অপরাধ মোকাবেলায় দক্ষ জনবল সৃষ্টিকরণের প্রয়োজনীয়তা রয়েছে মর্মে আলোচনা করা হয়। | এ বিভাগ ও আওতাধীন সকল দপ্তর/সংস্থাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হবে। | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ। |
| ৩.১.২ | নীতিমালার মাধ্যমে আন্তর্জাতিক মান অনুসরণে প্রতিবন্ধী ব্যক্তিবর্গের জন্য সকল সরকারি ও বেসরকারি ওয়েব সাইট অভিগম্য (Accessible) করণ। | আন্তর্জাতিক মান অনুসরণে প্রতিবন্ধী ব্যক্তিবর্গের জন্য সকল সরকারি ও বেসরকারি ওয়েব সাইট অভিগম্য (Accessible) সহজিকরণ সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। | জাতীয় পোর্টালে সংযুক্ত এ বিভাগসহ সকল দপ্তর/সংস্থার ওয়েবসাইট অভিগম্য(Accessible) করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হবে। | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫.১.২ | বিশ্ববাজারের চাহিদার সাথে সামঞ্জস্য রেখে দক্ষ পেশাজীবী তৈরির লক্ষ্যে প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের অবকাঠামো উন্নয়ন। | বিশ্ববাজারের চাহিদার সাথে সামঞ্জস্য রেখে দক্ষ পেশাজীবী তৈরির লক্ষ্যে প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের অবকাঠামো উন্নয়ন করতে হবে মর্মে বিশদ আলোচনা হয়। | বিসিএস (কর) একাডেমী,ঢাকা এবং কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমী, চট্রগ্রাম কে অবকাঠামো উন্নয়ন বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হবে। | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ। |
| ৬.১.১ | আইসিটি শিল্পের সক্ষমতা পরিমাপ ও রপ্তানি বৃদ্ধিকল্পে রোডম্যাপ (Roadmap) অনুযায়ী অগ্রগতি মূল্যায়ন। | জাতীয় রাজস্ব বোর্ড আইসিটি শিল্পের সক্ষমতা পরিমাপ ও রপ্তানি বৃদ্ধিকল্পে রোডম্যাপ (Roadmap) অনুযায়ী অগ্রগতি মূল্যায়নের ব্যবস্থা গ্রহণ করেছে কিনা বা না করে থাকলে এ বিষয়ে কোন পরিকল্পনা আছে কিনা তা অবগত হওয়ার প্রয়োজনীয়তা সম্পর্কে আলোচনা করা হয়। | Roadmap অনুযায়ী অগ্রগতি মূল্যায়ন প্রতিবেদন প্রেরণের জন্য জাতীয় রাজস্ব বোর্ড কে অনুরোধ করা হবে। | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ। |

৪.০। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

যুগ্মসচিব (শুল্ক) ও আহবায়ক, জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা-২০১৮ বাস্তবায়ন কমিটি,
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

স্মারক নম্বর: ০৮.০০.০০০০.০৪৬.৩৫.০০৪.২০.৫৫

তারিখ: ১১ পৌষ ১৪২৮
২৬ ডিসেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) উপসচিব, শাখা-১ (প্রশাসন), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
২) উপ সচিব, শাখা-৪ (শুল্ক-মূসক), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
৩) প্রোগ্রামার, আইসিটি শাখা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
৪) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
৫) সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি শাখা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
৬) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
৭) যুগ্মসচিব (আইসটি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ (মহোদয়ের সদয় অবগতির জন্য)

সামি কবির
প্রোগ্রামার